

মিছে রজত কাঞ্চন, এ ধন যৌবন,
 গুরুর পদে সমর্পন করিব এখন;
 যাবে ত্রিতাপ জ্বালা গলে প'রব হরিনামের মালা
 যাবে জ্বালা ॥

দলে দলে হরিবলে করেছে গমন,
 জয়ধ্বনি প'ল মগরে, গায় সংকীর্তন ।
 সকলে হাস্য মনে চলেছে গুরুচাঁদের দরশনে ॥

দলে দলে হরিবলে সবে গমন করে,
 গুরুচাঁদ শতদল-পদ্ম প্রেম সরোবরে ।

ভ্রমর যারা চেনে তারা মধু করে দান,
 এক মনের কম ধূল পরিমাণ দেয় না গুরুচাঁদ,
 সে যে প্রেম ভাগুরী, গৌসাই গোপালচাঁদ,
 সেই দ্বারের দ্বারী ॥

—গুরুচরণ



১২৫ নং

তাল—তেওট (গোষ্ঠের সুর)
 (চিতান) জগদ্ গুরু গুরুচাঁদ, কাটিয়ে সংসারের ফাঁদ,
 হৃদয়চাঁদের হঠাৎ অন্তর্দ্বান ।
 হ'ল বিনামেঘে বজ্রাঘাত, অকস্মাৎ এই আঘাত
 চারিদিকে উঠল বেজে করুণ ক্রন্দন ॥